উপজেলা পরিষদ

চকরিয়া, কক্সবাজার।

জুলাই/২০২১ মাসের পঞ্চম চকরিয়া উপজেলা পরিষদের ২৭(সাতাশ)তম উপজেলা পরিষদ উন্নয়ন সমন্বয় কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি	:	**জনাব ফজলুল করিম,** চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চকরিয়া।
সভার স্থান	:	উপজেলা পরিষদ মিলনায়তন 'মোহনা' চকরিয়া।
সভার তারিখ ও সময়	:	২৮/০৭/২০২১খ্রিঃ সকাল : ১১.০০ ঘটিকা।
সভায় উপস্থিতি	:	পরিশিষ্ট 'ক'তে সন্নিবেশিত (স্বাক্ষরের ক্রমানুসারে)

সভাপতি দেশের করোনা ভাইরাস পরিস্থিতির মধ্যেও স্বাস্থ্যবিধি মেনে, সামাজিক দূরত্ব নিশ্চিত পূর্বক উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভায় উপস্থিত হওয়ার জন্য সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে করোনা ভাইরাস পরিস্থিতিতে সর্তক অবস্থানে থেকে সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করেন। অতঃপর বিগত সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত সমূহ সভায় পাঠ করে শুনানো হলে সর্বসম্মতিক্রমে তা দৃঢ়করণ করা হয়।

আলোচনা পর্বে আলোচ্যসূচি অনুযায়ী বিগত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি, বিভিন্ন দপ্তর হতে প্রাপ্ত কার্যপত্রসমূহ পর্যালোচনা এবং উপস্থিত দপ্তর প্রধানদের নিজ নিজ দপ্তরের চলতি অর্থ বছরে গৃহীত উন্নয়ন প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি ও পরবর্তী করণীয় বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনান্তে বিভাগ ভিত্তিক নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

<table>
<tr><th>ক্র:নং</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>সিদ্ধান্ত বাস্তবায়নকারী কর্মকর্তা</th></tr>
<tr><td>০১.</td><td><u>উপজেলা কৃষি অফিস ঃ</u>
উপজেলা কৃষি অফিসার, চকরিয়া জানান, এ উপজেলায় ২০২০-২০২১ অর্থ বছরে ১০৬৫ হেঃ আউশ ধান আবাদ হয়। মাঠে রোপিত আউশ ধানের বর্তমান অবস্থা খুব ভাল। উল্লেখ্য যে, গত বছরের তুলনায় এই বছর আউশ ধানের বাম্পার ফলন হবে আশা করা যায়। খরিপ-২ আমন মৌসুমে ১৯৩৫০ হেঃ আমন ধান আবাদের বিপরীতে ১২৪৭২ হেঃ আবাদ সম্পন্ন হয়। আমন ধানের আবাদ চলমান আছে। শরৎকালীন শাকসবজি আবাদ হয় ৯১২ হেঃ বর্তমানে রাসায়নিক সারের কোন সংকট নাই।</td><td>আউশ ধানের আবাদ বৃদ্ধি ও রোগ, পোকা-মাকড় দমনের জন্য বিভিন্ন পদক্ষেপ ও পরিকল্পনা গ্রহণের জন্য উপসহকারী কৃষি কর্মকর্তাদের নির্দেশ প্রদান ও রোপিত আমন ধানের জমিতে পাঁচিং নিশ্চিত করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা কৃষি কর্মকর্তা, চকরিয়া।</td></tr>
<tr><td>০২.</td><td><u>স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর ঃ</u>
মাননীয় সংসদ সদস্য, কক্সবাজার-০১ (চকরিয়া-পেকুয়া) মহোদয় সভাকে জানান যে, কৈয়ারবিল-খোজাখালী খিলছাদেক সংযোগ সড়কে ব্রীজের অসমাপ্ত কাজ সমাপ্ত করার জন্য ২০২০-২০২১ অর্থ বছরের উপজেলা উন্নয়ন তহবিল হতে বরাদ্দ প্রদান করা প্রয়োজন। কৈয়ারবিল ইউপি চেয়ারম্যান উক্ত প্রকল্পটি বাস্তবায়নের বিষয়ে সভাকে অনুরোধ করেন। উক্ত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে RFQ পদ্ধতিতে দরপত্র আহবান পূর্বক ঠিকাদার নিয়োগ করে জরুরী ভিত্তিতে প্রকল্পটি বাস্তবায়ন করা অনুমোদন প্রদানের জন্য সভাকে অনুরোধ করেন।</td><td>কৈয়ারবিল- খোজাখালী- খিলছাদেক সংযোগ সড়কে ব্রীজের অসমাপ্ত কাজ RFQ পদ্ধতিতে দরপত্র আহবান পূর্বক ঠিকাদার নিয়োগ করে জরুরী ভিত্তিতে কাজটি বাস্তবায়ন করা অনুমোদন প্রদান করা হলো।</td><td>১। উপজেলা নির্বাহী অফিসার, চকরিয়া।
২। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, চকরিয়া।</td></tr>
<tr><td>০৩.</td><td><u>ত্রাণ বিভাগ ঃ</u>
উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, চকরিয়া, দূর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের অধীনে চকরিয়া উপজেলায় ২০২০-২০২১ অর্থ বছরে বাস্তবায়িত বিভিন্ন কর্মসূচির তথ্যাদি নিম্নবর্ণনা মোতাবেক সভায় উপস্থাপন করেন।
<table>
<tr><th>ক্র: নং</th><th>কর্মসূচি</th><th>বাস্তবায়িত প্রকল্পের সংখ্যা</th><th>বরাদ্দের পরিমান</th><th>ব্যয়ের পরিমান</th><th>কাজ বাস্তবায়নের অগ্রগতির হার (%)</th></tr>
<tr><td>০১</td><td>গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা/কাবিটা)
নন-সোলার =
সোলার =</td><td>৫১টি
৫২টি</td><td>১৯০৮.৩৮৫২
১,৪৪,৩৩,৮৮২/-</td><td>১৯০৮.৩৮৫২
১,৪৪,৩৩,৮৮২/-</td><td>১০০%
১০০%</td></tr>
<tr><td>০২</td><td>গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি.আর)
নন-সোলার =
সোলার =</td><td>১১৭টি
১০০টি</td><td>১,৪২,০৬,৬৫৬/-
১,২৬,৮২,০৯৫/-</td><td>১,৪২,০৬,৬৫৬/-
১,২৬,৮২,০৯৫/-</td><td>১০০%
১০০%</td></tr>
<tr><td>০৩</td><td>দূর্যোগ সহনীয় বাসগৃহ নির্মাণ (টি.আর)</td><td>৩৬টি</td><td>১,০৭,৯৪,৯৬০/-</td><td>১,০৭,৯৪,৯৬০/-</td><td>১০০%</td></tr>
<tr><td>০৪</td><td>সেতু/কালভার্ট</td><td>২৪টি</td><td>৫,৫২,৮৫,৯৪৬/-</td><td>৫,৫২,৮৫,৯৪৬/-</td><td>১০০%</td></tr>
<tr><td>০৫</td><td>অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি</td><td>৫১টি</td><td>২,৪২,৯৬,০০০/-</td><td>২,০৪,১৫,৭৭০/-</td><td>৮৪%</td></tr>
</table></td><td>১। নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের কাজ বাস্তবায়ন সম্পন্ন করায় উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে ধন্যবাদ জানানো হয়।

২। চূড়ান্ত বিল না পাওয়া ৪টি সেতুর চূড়ান্ত বিল প্রদানের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা কে অনুরোধ জানানো হয়।</td><td>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, চকরিয়া।</td></tr>
</table>

	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, চকরিয়া সভাকে আরো জানান, সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগিতায় সকল প্রকল্পের কাজ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করা সম্ভব হয়েছে। এ জন্য তিনি সকলকে ধন্যবাদ জানান। তিনি আরো জানান যে, বাস্তবায়িত ২৪টি সেতুর মধ্যে ৪টি সেতুর চূড়ান্ত বিল বরাদ্দ স্বল্পতার কারণে প্রদান করা যায়নি। ঈদ-উল-আযহা উপলক্ষ্যে ২৪৬৮৮টি দু:স্থ পরিবারের জন্য বিশেষ ভিজিএফ এর আওতায় বরাদ্দ প্রাপ্ত ২৪৬.৮৮০ মে:টন চাল বিতরণ সম্পন্ন হয়েছে।		
০৪.	<u>উপজেলা স্বাস্থ্য ও প: প: বিভাগ ঃ</u> **উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, চকরিয়া জানান,** চলতি মাসে উপজেলা স্বাস্থ্য বিভাগের আওতায় বহি: বিভাগে সেবা প্রাপ্ত রোগীর সংখ্যা ৫৩৫২জন, জরুরী বিভাগে সেবা প্রাপ্ত রোগীর সংখ্যা ২৪২৯ জন, অন্ত: বিভাগে সেবা প্রাপ্ত রোগীর সংখ্যা ৬৯৪ জন, ডেলিভারির সংখ্যা ৩০ জন, ল্যাবরেটরী পরীক্ষা করা হয় ১৫৪ জন, বেড অকপেন্সি রেইট ৬৭%, ইউজার ফি আদায় করা হয় ১,১১,৫৮০/- টাকা। তিনি আরো জানান যে, চলতি মাস পর্যন্ত কোভিড-১৯ আক্রান্ত রোগীর সংখ্যা ৩৭০জন, সুস্থ রোগীর সংখ্যা ৩৪৬ জন, চলতি মাসে আইসোলেশনে চিকিৎসারত রোগীর সংখ্যা ২৪ জন, চলতি মাসে নমুনা সংগ্রহের সংখ্যা ৩৩৪ জন।	উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে আগত রোগীদের সুচিকিৎসা নিশ্চিত, দালালের উপদ্রুপ বন্ধে যথাযথ পদক্ষেপ গ্রহণ, করোনায় আক্রান্ত রোগীদের নমুনা সংগ্রহ ও দ্রুত আইসোলেশন সেন্টারে ভর্তি করে চিকিৎসা সেবা নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, চকরিয়া।
০৫.	<u>উপজেলা সমাজসেবা অধিদপ্তর ঃ</u> **উপজেলা সমাজসেবা কর্মকর্তা, চকরিয়া জানান,** করোনা ভাইরাস (Covid-19) সময়ে ভাতাভোগীরা যেন জুলাই/২০২০ পর্যন্ত ভাতা সংগ্রহ করতে পারেন তা নিশ্চিত করা হয়। পুরাতন ভাতাভোগীদের যারা এখনো Online Entry করেন নি তারা যেন অতিদ্রুত উপজেলা সমাজসেবা কার্যালয়ে যোগাযোগ পূর্বক MIS এন্ট্রি সম্পূর্ণ করেন তার জন্য বিভিন্ন সময়ে চিঠি দেওয়া হয়। ক্যাপিটেশন প্রাপ্ত বেসরকারী এতিমখানার ২য় কিস্তির বিল সাবমিট করার জন্য তাগাদা দেওয়া হয়।	১। এতিমখানার শিশুদের স্পেশাল নজরদারী করার সিদ্ধান্ত গৃহীত হয়। ২। যে সকল পুরাতন ভাতাভোগী এখনো MIS এন্ট্রি করেননি তাদের তালিকা ইউনিয়ন পরিষদে সরবরাহের সিদ্ধান্ত গৃহীত হয়।	১। উপজেলা সমাজসেবা কর্মকর্তা, চকরিয়া। ২। ইউপি চেয়ারম্যান (সকল), চকরিয়া।
০৬.	<u>খাদ্য বিভাগ ঃ</u> **উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, চকরিয়া জানান,** চলতি মাসে ইতিমধ্যে ভিজিডি, ভিজিএফ ও ইপি খাতে ডিও ইস্যু এবং খাদ্য গুদাম থেকে উত্তোলন সম্পন্ন হয়েছে। খাদ্য গুদামের বর্তমানে মজুদের পরিমান চাল ২৮৬.১৮১ মে:টন ও গম ৭.০৪৩ মে:টন। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে।	জনসাধারণের মাঝে ভেজাল ও ফরমালিনমুক্ত খাদ্য ও ফলমূল পৌঁছে দেয়া নিশ্চিতকরণের লক্ষ্যে মোবাইলকোর্ট ও নিয়মিত বাজার মনিটরিং অভিযান বৃদ্ধি করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, চকরিয়া।
০৭.	<u>উপজেলা প্রাণি সম্পদ বিভাগ ঃ</u> **উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, চকরিয়া জানান,** বিগত মাসে উপজেলা প্রাণিসম্পদ দপ্তর হতে গবাদি পশুর টিকা প্রয়োগ হয় ৩৯৪৮টি, হাঁস-মুরগীর টিকা প্রয়োগ হয় ৩৬০০০টি, গবাদি পশু চিকিৎসা প্রদান করা হয় ১৩৫৪টি ও হাঁস-মুরগীর চিকিৎসা প্রদান হয় ৩২০০টি। উন্নত জাতের ষাড়ের বীজ দ্বারা কৃত্রিম প্রজনন করা হয় ৫৪৫টি ও গবাদি পশুপাখি পালনকারিদের সমন্বয়ে ৬টি উঠান বৈঠক অনুষ্ঠিত হয়। এছাড়াও করোনা মহামারীর সময়ে হাসপাতালের চিকিৎসা সেবা ও অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে।	গবাদি পশুর বিভিন্ন রোগের প্রাদুর্ভাব প্রতিরোধে মাঠপর্যায়ে খামারী ও সাধারণ জনগণের মাঝে গণসচেতনতা সৃষ্টি ও সদা সতর্ক থাকার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, চকরিয়া।
০৮.	<u>উপজেলা শিক্ষা অফিস ঃ</u> **উপজেলা শিক্ষা কর্মকর্তা, চকরিয়া** হতে কার্যপত্র পাওয়া যায়নি।	আগামী সভায় কার্যক্রম সহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।	উপজেলা শিক্ষা অফিসার, চকরিয়া।
০৯.	<u>মাধ্যমিক শিক্ষা অফিস ঃ</u> **উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, চকরিয়া এর প্রতিনিধি সভাকে জানান,** করোনা মহামারীর কারণে সকল স্তরের শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ রয়েছে। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরে ক্লাস রুটিন অনুযায়ী সংসদ বাংলাদেশ টিভি দেখার ব্যাপারে সকল শিক্ষা প্রতিষ্ঠানের সাথে সার্বক্ষণিক যোগাযোগ করা হয় এবং যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়। তিনি আরো জানান যে, মাননীয় প্রধান মন্ত্রীর আর্থিক প্রনোদনা ঘোষিত এ উপজেলায় বেসরকারি EIIN ভূক্ত শিক্ষা প্রতিষ্ঠানে বিদ্যালয়ের ২৩২ জন শিক্ষকের মাঝে সর্বমোট ১০,৯৭,৫০০/- টাকা বিতরণ করা হয়। দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।	মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরে ক্লাস রুটিন অনুযায়ী সংসদ বাংলাদেশ টিভি দেখার ব্যাপারে সকল শিক্ষা প্রতিষ্ঠানের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, চকরিয়া।

১০.	**উপজেলা সমবায় অফিস ঃ** **উপজেলা সমবায় অফিসার, চকরিয়া জানান,** এ কার্যালয়ে নিবন্ধিত কেন্দ্রীয় সমিতি ০৩টি, পানি ব্যবস্থাপনা সমিতি ০৪টি, কালব ভূক্ত সমিতি ২০টি এবং কার্যকর প্রাথমিক সমিতি ২১৫টি, অকার্যকর সমিতি ১২১টি, সর্বমোট ৩৩৬টি সমবায় সমিতি আছে। তৎমধ্যে অকার্যকর ১২১টি সমিতি ব্যতিরেকে ২১৫টি এ কার্যালয়ের কর্মকর্তা/কর্মচারীগণের নামে বার্ষিক অডিট সম্পাদনের লক্ষে বরাদ্দ দেয়া হয়েছে। নিবন্ধিত বিভিন্ন সমবায় সমিতি থেকে নীট লাভের উপর ধার্য্যকৃত অডিট সেস ২৩,৬০৫/- টাকা, মূসক ৩,৬৩০/- টাকা এবং সমবায় উন্নয়ন তহবিল ১,৮৮,৯৯১/- টাকা। তৎমধ্যে সমবায় উন্নয়ন তহবিল বাবদ ১,৭০,৮৪৫/- টাকা আদায় করে সরকারি কোষাগারে জমা করা হয়েছে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে।	অনাদায়ী অডিট সেস, মুসক, সি.ডি.এফ ও অন্যান্য ঋণ আদায়ের ব্যাপারে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা সমবায় কর্মকর্তা, চকরিয়া।
১১.	**উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ ঃ** **উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, চকরিয়া জানান,** পঃ পঃ কার্যক্রম ও মা-শিশু স্বাস্থ্য কার্যক্রম চলমান রয়েছে। সাধারণ ছুটি কালীন সময়েও জন্ম নিয়ন্ত্রন কার্যক্রম ও প্রসব কালীন সেবা ও ডেলিভারী সেবা চলমান আছে।	করোনা ভাইরাস (Covid-19) পরিস্থিতিতে সামাজিক দূরত্ব বজায় রেখে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা, মাঠ পর্যায়ে কর্মরত কর্মকর্তা/ কর্মচারীদের মাধ্যমে জন্ম নিয়ন্ত্রণ, মা ও শিশুর স্বাস্থ্য সেবা নিশ্চিত করতে যথাযথ ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা পঃ পঃ কর্মকর্তা, চকরিয়া।
১২.	**মহিলা বিষয়ক বিভাগ ঃ** **উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, চকরিয়া জানান,** মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক পরিচালিত সকল কার্যক্রম সুষ্ঠু এবং সুন্দরভাবে চলমান আছে। দুঃস্থ মহিলা উন্নয়ন (ভিজিডি) কর্মসূচি আওতায় ১৪৪৬ জন উপকারভোগীদের মাঝে মাসিক ৩০ কেজি হারে চাউল বিতরণ, দরিদ্র মার জন্য মাতৃত্বকাল ও কর্মজীবী ল্যাকট্রেটিং মাদার সহায়তা তহবিল কর্মসূচির আওতায় ২০১৯-২০২০ ও ২০২০-২০২১ চক্রের উপকারভোগীদের স্বঃস্বঃ হিসাব নম্বরে অনলাইন ভাতা প্রদান কার্যক্রম ও মহিলাদের আত্মকর্মসংস্থানের জন্য ক্ষুদ্র ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম চলমান আছে।	মাতৃত্বকালীন ভাতা, ভিজিডি, ল্যাকটেটিং মাদার এর অনলাইন ডাটাবেইজের কার্যক্রম সহ দপ্তরের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করতে বলা হল।	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, চকরিয়া।
১৩.	**মৎস্য বিভাগ ঃ** **সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, চকরিয়া সভাকে জানান,** ২১-২৭ জুলাই জাতীয় মৎস্য সপ্তাহ/২০২১ উদযাপন উপলক্ষে মাইকিং, পোষ্টার, ব্যানার ও লিফলেট বিতরণের মাধ্যমে স্বাস্থ্যবিধি মেনে উদযাপন করা হয় এবং উপজেলা পরিষদ পুকুরে পোনা মাছ অবমুক্ত করা হয়। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে।	মৎস্য চাষ বৃদ্ধির লক্ষ্যে নিয়মিত পুকুর পরিদর্শন ও মৎস্য চাষিদের পরামর্শ ও প্রশিক্ষণ প্রদান অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।	সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, চকরিয়া।
১৪.	**যুব উন্নয়ন অধিদপ্তর ঃ** **উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, চকরিয়া এর প্রতিনিধি সভাকে জানান,** যুব উন্নয়ন অধিদপ্তর চকরিয়া উপজেলা কার্যালয়ের ঋণ কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করা হবে।	দাপ্তরিক কার্যক্রম গতিশীল রাখার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাদের অনুরোধ জানান।	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, চকরিয়া।
১৫.	**পল্লী উন্নয়ন অফিস ঃ** **উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, চকরিয়া সভাকে জানান,** চলতি মাসে শেয়ার আদায় ৬,০০০/- টাকা, সঞ্চয় আদায় ৬৭,০০০/- টাকা, ঋণ আদায় ৪,১২,০০০/- টাকা। প্রাথমিক সমবায় সমিতির অডিট সম্পূর্ণ হয়েছে ০৪টি, এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে।	বর্তমান বৈশ্বিক মহামারী করোনা ভাইরাস (Covid-19) চলাকালীন সময়ে সরকারি নির্দেশনা অনুযায়ী সমিতি গঠন, সদস্য অন্তর্ভূক্তি, ঋণ বিতরণ এবং ঋণ আদায় কার্যক্রম পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, চকরিয়া।
১৬.	**জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর ঃ** **সহকারি প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, চকরিয়া জানান,** জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর চকরিয়া এর সকল কার্যক্রম সুন্দরভাবে চলমান আছে। করোনায় বিভিন্ন জায়গায় ব্লিচিং পাউডার ছিটিয়ে জীবানুমুক্ত করণ ও তিনটি গুরুত্বপূর্ণ স্থানে হ্যান্ড ওয়াশিং বেসিন স্থাপন করা হয়েছে। এছাড়া দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান আছে।	১। প্রকল্পের কাজ বিধি মোতাবেক স্বচ্ছতার সাথে সম্পন্ন করার ও শতভাগ স্যানিটেশন অর্জনে কাজ অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। ২। বৈশ্বিক মহামারী করোনা ভাইরাস (কভিট-১৯) থেকে সাধারণ জনগণকে রক্ষা করতে বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানে পর্যাপ্ত বেসিন স্থাপন ও জীবানুনাশক স্প্রের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।	সহকারী প্রকৌশলী, (জনস্বাস্থ্য), চকরিয়া।

১৭.	**বন বিভাগ ঃ** **ফাঁসিয়াখালী রেঞ্জ, কক্সবাজার উত্তর বন বিভাগঃ** **রেঞ্জ কর্মকর্তা, ফাঁসিয়াখালী রেঞ্জ, কক্সবাজার উত্তর বন বিভাগ জানান,** ফাঁসিয়াখালী রেঞ্জে ২০১৯-২০২০ অর্থ বৎসরে সর্বমোট ১৬৯.৩০ হে: বাগান সৃজন করা হয়েছে। তৎমধ্যে ডুলাহাজারা বিটে ২০.০ হে: A.N.R বাগান, ফাঁসিয়াখালী বিটে ৪০.০ হে: A.N.R বাগান, কাকাড়া বিটে ৫০.০ হে: স্বল্প মেয়াদী বাগান, মানিকপুর বিটে ২০.০ হে: সেগুন কপিস ব্যবস্থাপনা এবং ফাঁসিয়াখালী বন্যপ্রাণী অভয়ারণ্য ৩৯.৩ হে:, বন্যপ্রাণীর আবাসস্থল উন্নয়নের লক্ষে এনরিচমেন্ট বাগান সৃজন করা হয়েছে। চলতি ২০২০-২০২১ অর্থ বৎসরে বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে বনায়ন কাজ পরিচালনা করা হবে। **তিনি আরো জানান যে,** ডুলাহাজারা বিট অধীন মালুমঘাট বাজার এলাকায় জরবদখল প্রবণতা দিন দিন বৃদ্ধি পাচ্ছে। স্বল্প সংখ্যক সরকারি কর্মচারী নিয়ে সংঘবদ্ধ জবর-দখলকারী চক্রকে প্রতিহত করা বেশ কষ্টসাধ্য ব্যাপার। বন বিভাগের পক্ষ থেকে অবৈধ জবর-দখলকারীগণকে উচ্ছেদ কল্পে ইতিমধ্যে উচ্ছেদ মামলা দাখিলের কাজ চূড়ান্ত করা হয়েছে। জরব-দখল উচ্ছেদে প্রশাসনের সর্বোচ্চ সহযোগীতা কামনা করেন। এছাড়াও জবর-দখলকারীগণ বর্তমানে বিবিধ ফলজ, বনজ চারা রোপন করে জবর-দখরের ধরণ পাল্টিয়ে নতুনরূপে জবর-দখল প্রক্রিয়া চালিয়ে যাচ্ছেন। এক্ষেত্রে জবর-দখলকারীগণ একত্রে একটি সমিতি গঠন করে কিংবা সংখ্যায় ভারি হয়ে এ কাজ করে থাকেন। এরূপ ঘটনায় জবর-দখল উচ্ছেদে তাৎক্ষনিক উচ্ছেদ অভিযান পরিচালনায় প্রশাসনের সার্বিক সহযোগীতা কামনা করেন।	ডুলাহাজারা বিট অধীন মালুমঘাট বাজার এলাকায় জরবদখল প্রবণতা দিন দিন বৃদ্ধি পাওয়ায় জরব-দখলকারীদের বিরুদ্ধে উচ্ছেদ অভিযান পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়।	১। সহকারী কমশিনার (ভূমি), চকরিয়া। ২। রেঞ্জ কর্মকর্তা, ফাঁসিয়াখালী রেঞ্জ, কক্সবাজার উত্তর বন বিভাগ।
১৮.	**বন বিভাগ ঃ** **ফুলছড়ি রেঞ্জ, কক্সবাজার উত্তর বন বিভাগঃ** **রেঞ্জ কর্মকর্তা, ফুলছড়ি রেঞ্জ, কক্সবাজার উত্তর বন বিভাগ জনান,** ফুলছড়ি রেঞ্জে ২০১৯-২০২০ অর্থ বৎসরে সর্বমোট ১৭৫.০ হে: বাগান সৃজন করা হয়েছে। তৎমধ্যে ফুলছড়ি বিটে ১০.০ হে: ANR বাগান, খুটাখালী বিটে ১৫.০ হে: ANR বাগান, মেদাকচ্ছপিয়া বিটে ১০.০ হে: ANR বাগান, ফুলছড়ি বিটে ২০.০ হে: মিশ্র প্রজাতীর দীর্ঘমেয়াদী বাগান, মেদাকচ্ছপিয়া বিটে ৪০.০ হে: মিশ্র প্রজাতীর দীর্ঘ মেয়াদী বাগান এবং ফুলছড়ি বিটে ৩০.০ হে: এনরিচমেন্ট বাগান, খুটাখালী বিটে ৩০.০ হে: এনরিচমেন্ট বাগান সৃজন করা হয়েছে। খুটাখালী বিটে ১০.০ হে: মিশ্র প্রজাতীর স্বল্প মেয়াদী বাগান এবং মেদাকচ্ছপিয়া বিটে ০৫.০ হে: ভেষজ বাগান ও ০৫.০ হে: বিরল ও বিপন্ন প্রজাতীয় বাগান সৃজন করা হয়েছে। তিনি আরো জানান যে, ২০২০-২০২১ অর্থ বৎসরে বাগান সৃজনের নিমিত্তে ২০১৯-২০২০ অর্থ বৎসরে ফুলছড়ি বিটে ১২০০০০টি, খুটাখালী বিটে ১০৮০০০টি এবং মেদাকচ্ছপিয়া বিটে ৮৪০০০টি চারা নার্সারীতে উত্তোলনের কাজ চলমান রয়েছে। সৃজিত বাগান সমূহ রক্ষা কল্পে স্থানীয় চেয়ারম্যান ও সদস্যদের সার্বিক সহযোগিতা কামনা করেন।	সৃজিত বাগান সমূহ রক্ষায় স্থানীয় ইউপি চেয়ারম্যান ও সদস্যগণ সার্বিক সহযোগিতা করার সিদ্ধান্ত গৃহীত হয়।	১। রেঞ্জ কর্মকর্তা, ফুলছড়ি রেঞ্জ, কক্সবাজার উত্তর বন বিভাগ। ২। স্থানীয় জনপ্রতিনিধি (সকল)।
১৯.	**উপজেলা পরিসংখ্যান অধিদপ্তর ঃ** **উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, চকরিয়া জানান,** জুলাই/২০২১ মাসের কার্যক্রম তথা বিভিন্ন ফসল যেমন: আনারস, কাঁঠাল, কালো জাম, কচুরলতি, জামরুল, চিচিঙ্গা, করলা, কাঁঠাল, আউশ ফসলের পূর্বাভাস জরিপ (অংশ-২), মাসিক কৃষি মজুরির তথ্য সংগ্রহ, মৎস্য উৎপাদন জরিপ, গবাদি পশু ও হাঁসমুরগি প্রাক্কলন জরিপ ও বন জরিপের তথ্য সংগ্রহ করে জেলা পরিসংখ্যান কার্যালয়, কক্সবাজারে প্রেরণ করা হয়েছে। এছাড়া অফিসের স্বাভাবিক কার্যক্রম অব্যাহত রয়েছে।	উপজেলা পরিসংখ্যান কার্যালয়ের বিভিন্ন শুমারি ও জরিপের কার্যক্রমে ইউপি চেয়ারম্যান, জনপ্রতিনিধি ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তিগণের সমন্বয়ে নির্ভুলভাবে তথ্য সংগ্রহের সিদ্ধান্ত গৃহীত হয়।	পরিসংখ্যান কর্মকর্তা, চকরিয়া।
২০.	**বিদ্যুৎ উন্নয়ন বোর্ড ঃ** **আবাসিক প্রকৌশলী (বিদ্যুৎ), চকরিয়া জানান,** মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ঘোষিত "শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ" কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে শতভাগ বিদ্যুতায়ন কার্যক্রম চলমান আছে।	চকরিয়া উপজেলার ১৮টি ইউনিয়ন ও ১টি পৌরসভায় শতভাগ বিদ্যুতায়ন কার্যক্রম দ্রুত সম্পন্ন করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।	আবাসিক প্রকৌশলী, (বিদ্যুৎ), চকরিয়া।
২১.	**পল্লী বিদ্যুৎ সমিতি ঃ** **ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, জোনাল অফিস, চকরিয়া জানান,** জাতীয় গ্রীড হতে চাহিদা মোতাবেক বিদ্যুৎ সরবরাহ থাকায় গ্রাহক পর্যায়ে লোড শেডিং মুক্ত বিদ্যুৎ সরবরাহ সম্ভব হচ্ছে। তবে মাতারবাড়ি কোল পাওয়ার, রোডস এন্ড হাইওয়ে এবং রেলওয়ে কর্তৃপক্ষের বিভিন্ন উন্নয়ন কাজের স্বার্থে মাঝে মাঝে মাতারবাড়ি গ্রীড উপকেন্দ্র হতে ৩০KVA সোর্স সার্টডাউন দিয়ে কাজ	চকরিয়া উপজেলার সকল ইউনিয়নে শতভাগ বিদ্যুতায়ন কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।	ডিজিএম,পবিস, জোনাল অফিস, চকরিয়া।

	করতে হচ্ছে। সেই ক্ষেত্রে পূর্বেই গ্রাহকদের মাইকিং করে প্রচার করা হচ্ছে এবং স্থানীয় ভাবে সংশ্লিষ্টদের অবহিত করা হচ্ছে। তাছাড়া বিএমচর, সাহারবিল ও বরইতলী ইউনিয়নের বিভিন্ন এলাকায় পুরাতন ঝুকিপূর্ণ লাইন ঝুকি মুক্ত করে নবায়ন কাজ চলমান। আগষ্ট/২০২১ মাসের মধ্যে চকরিয়া উপজেলায় শতভাগ বিদ্যুতায়ন কাজ শেষ করা হবে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে।		
২২.	<u>আমার বাড়ি আমার খামার ও পল্লী সঞ্চয় ব্যাংক ঃ</u> **উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার ও পল্লী সঞ্চয় ব্যাংক, চকরিয়া জানান,** আবাআখা ও পল্লী সঞ্চয় ব্যাংক প্রকল্পের আওতায় মোট সমিতি গঠন ৫২০টি, মোট সদস্য ভর্তি ২৪৮৮০ জন, মোট সঞ্চয় আদায় ৬,৮০,০০,০০০/- টাকা, মোট ঋণ বিতরণ ২৯,২০,০০,০০০/-টাকা, মোট ঋণ আদায় ২১,২০,০০,০০০/- টাকা, মোট তহবিল ৪১,৮০,০০,০০০/- টাকা।	বর্তমান বৈশ্বিক মহামারী করোনা ভাইরাস (Covid-19) চলাকালীন সময়ে সরকারি নির্দেশনা অনুযায়ী ঋণ বিতরণ এবং ঋণ আদায় কার্যক্রম পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা সমন্বয়কারী, আবাআখা ও পল্লী সঞ্চয় ব্যাংক, চকরিয়া।
২৩.	<u>সড়ক ও জনপথ বিভাগ ঃ</u> **উপ-সহকারী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, চকরিয়া জানান,** চকরিয়া সড়ক উপ-বিভাগের সড়ক সমূহ হতে চকরিয়া উপজেলার আওতাধীন সড়ক সমূহে চলমান বর্ষা মৌসুমে ভারী বর্ষনের ফলে ছোট-বড় অনেক পটহোলস্ এর সৃষ্টি হলে বিভাগীয়ভাবে মেরামতের মাধ্যমে যানবাহন চলাচল স্বাভাবিক রয়েছে। ২০২১-২০২২ অর্থ বৎসরের কোন ধরণের বরাদ্দ না পাওয়া যাওয়ায় এখনো পর্যন্ত কোন প্রকল্প গ্রহন করা হয়নি। ঈদুল আযহার পূর্বেই জাতীয় মহাসড়ককে পটহোলস্ মুক্ত করা হয়। বিভাগীয় অন্যান্য কাজ স্বাভাবিক প্রক্রিয়ায় চলমান।	চকরিয়া উপজেলার আওতাধীন সড়ক সমূহে ক্ষতিগ্রস্থ সড়কাংশে প্রয়োজনীয় মেরামতের সংস্থান রেখে প্রাক্কলন প্রস্তুত ও বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপ-সহকারী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, চকরিয়া।
২৪.	<u>পানি উন্নয়ন বোর্ড ঃ</u> **১। এসও, পানি উন্নয়ন বোর্ড, চকরিয়া সভাকে জানান,** বিএমচর ইউনিয়নের ভরা মাতামুহুরী খাল দখল অবমুক্ত করণের জন্য উক্ত এলাকা পরিদর্শন করা হয়। নির্বাহী প্রকৌশলী, কক্সবাজার মহোদয় উক্ত এলাকা সরেজমিন জরিপ পূর্বক অবৈধ দখলধারদের তালিকা প্রনয়নের নিবের্দশনা প্রদান করেন। **তিনি আরো জানান যে,** ঘূর্ণিঝড় আম্পানে ক্ষতিগ্রস্থ চকরিয়া উপজেলার কোনাখালী ইউনিয়নের কন্যারকুম, কাইজ্জ্যার দিয়া এবং চকরিয়া পৌরসভার আব্দুল বাড়ি পাড়ায় ক্ষতিগ্রস্থ নদী তীর এবং পোল্ডার ৬৫ এর ক্ষতিগ্রস্থ অংশ মেরামতের কার্যক্রম পরিচালনার জন্য ঠিকাদার নিয়োগ করা হয়। খুটাখালী ইউনিয়নের জলাবদ্ধতা নিরসনকল্পে মাননীয় সচিব, জনাব হেলাল উদ্দীন আহামদ, স্থানীয় সরকার মন্ত্রনালয় মহোদয় প্রকল্প প্রস্তুতের জন্য নির্দেশনা প্রচার করেন।	১। ভরা মাতামুহুরী খাল দখলমুক্ত করার জন্য দখলকারীদের তালিকা প্রস্তুত করার সিদ্ধান্ত গৃহীত হয়। ২। ক্ষতিগ্রস্থ বাঁধ ও নদী তীর মেরামতের জন্য ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	এসও, পানি উন্নয়ন বোর্ড, চকরিয়া।
২৫.	<u>ইসলামিক ফাউন্ডেশন ঃ</u> **সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, চকরিয়া জানান,** সরকারি যাকাত ফান্ডে ৯২০০০/- টাকা সংগ্রহ করে সোনালী ব্যাংক, চকরিয়া শাখায় জমা করা হয়েছে। চকরিয়া উপজেলায় চলতি মাস পর্যন্ত করোনা আক্রান্ত মৃত্যুবরণকারী ০৭(সাত) জনকে ইসলামিক ফাউন্ডেশ কর্তৃক গঠিত টিমের মাধ্যমে জানাযা দাফন, কাফন কাজ সম্পন্ন হয়েছে।	করোনাকালীন সময়ে সরকারি নির্দেশনা অনুযায়ী মসজিদে স্বাস্থ্যবিধি মেনে সামাজিক দূরত্ব বজায় রেখে নামাজ আদায়ের বিষয়ে ইমাম ও খতিবদের প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়।	সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, চকরিয়া।
২৬.	<u>ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ঃ</u> **স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস, চকরিয়া সভাকে জানান,** ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, চকরিয়ায় জুলাই/২০২০ মাসে নদী ডুবে যাওয়া ভিকটিম উদ্ধার ০২টি, সড়ক দূর্ঘটনায় উদ্ধার কার্যক্রম ০১টি, অগ্নি নির্বাপন ও উদ্ধার ০২টি। চকরিয়া ফায়ার স্টেশনের প্রচার অভিযান অব্যাহত রয়েছে।	অগ্নিকান্ড বন্ধে গণসচেতনতা বৃদ্ধি করণের লক্ষ্যে প্রচার প্রচারণার ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।	স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস, চকরিয়া।
২৭.	<u>বিবিধ-০১ঃ</u> **চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চকরিয়া সভাকে জানান,** জনাব ওমর আলী, গাড়ি চালক, উপজেলা পরিষদ, চকরিয়া কর্তৃক উপজেলা চেয়ারম্যানের জীপ গাড়ির টায়ার, যন্ত্রাংশ ক্রয় ও সার্ভিসিং বাবদ ভাউচার নং- ০১ এর অনুকূলে ৫০০০০/-টাকা এবং ভাউচার নং- ০২ এর অনুকূলে ৫০০০/-টাকার বিল দাখিল করেন। উক্ত বিল সমূহ উপজেলা রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩(ণ) বিধিমালা মোতাবেক উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভাকে অবহিত করেন।	উক্ত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে, উপজেলা চেয়রম্যানের জীপ গাড়ির টায়ার, যন্ত্রাংশ ক্রয় ও সার্ভিসিং বাবদ দাখিলকৃত ১০০০০০/- (এক লক্ষ) টাকার বিল উপজেলা রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩(ণ) বিধিমালা মোতাবেক উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার, চকরিয়া।

২৭.	**বিবিধ-০২ঃ** **চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চকরিয়া সভাকে জানান,** উপজেলা চেয়ারম্যান অফিসের ডেক্সটপ কম্পিউটারের নষ্ট মাদারবোর্ড, ক্যাসিং পরিবর্তন, প্রিন্টার ও কম্পিউটার সার্ভিসিং এবং সিসি টিভি ক্যামরা ও মনিটর ক্রয় বাবদ জনাব মোঃ ইসহাক, কম্পিউটার সিটি হতে ৫০০০০/-টাকার বিল পাওয়া যায়। উপজেলা রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩(ঞ) বিধিমালা মোতাবেক উপজেলা রাজস্ব তহবিল হতে উক্ত বিল পরিশোধের জন্য সভাকে অবহিত করেন।	উক্ত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে, ডেক্সটপ কম্পিউটারের নষ্ট মাদারবোর্ড, ক্যাসিং পরিবর্তন, প্রিন্টার ও কম্পিউটার সার্ভিসিং এবং সিসি টিভি ক্যামরা ও মনিটর ক্রয় বাবদ দাখিলকৃত ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকার বিল উপজেলা রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩(ঞ) বিধিমালা মোতাবেক উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার, চকরিয়া।
২৭.	**বিবিধ-০৩ ঃ** **উপজেলা নির্বাহী অফিসার, চকরিয়া সভাকে জানান,** চকরিয়া উপজেলার ১৮টি ইউনিয়ন হতে আগামী ০১(এক) বৎসর (২০২১-২০২২ অর্থ বছরের) বার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়নের জন্য সকল ইউনিয়ন পরিষদ হতে প্রকল্প তালিকা পাওয়া গেছে। উক্ত তালিকা গুলি একত্রি করে খসড়া বই আকারে প্রস্তুত করা হয়। উক্ত বিষয়ে সংযোজন-বিয়োজন না থাকলে মাসিক সভায় অনুমোদন প্রদান করা যেতে পারে।	উক্ত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে, ২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন পরিকল্পা প্রণয়নের লক্ষ্যে প্রস্তুতকৃত খসড়া বইয়ের বিষেয়ে কারো কোন আপত্তি না থাকায় ২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন পরিকল্পনা বই অনুমোদন করার সিদ্ধান্ত গৃহীত হয়।	১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চকরিয়া। ২। উপজেলা নির্বাহী অফিসার, চকরিয়া।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(ফজলুল করিম)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
চকরিয়া, কক্সবাজার।

স্মারক নং : ০৫.২০.২২১৬.০০০.০০.২০২১- ৭২৩ তারিখ : ২৮/০৭/২০২১খ্রিঃ

অনুলিপি ঃ সদয় অবগতি/কার্যার্থে প্রেরণ করা হল।

০১. মাননীয় জাতীয় সংসদ সদস্য, ২৯৪ নির্বাচনী এলাকা, বাংলাদেশ জাতীয় সংসদ, কক্সবাজার-১।
০২. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
০৪. জেলা প্রশাসক, কক্সবাজার।
০৫. পুলিশ সুপার, কক্সবাজার।
০৬. সিভিল সার্জন, কক্সবাজার।
০৭. নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, কক্সবাজার।
০৮. নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, কক্সবাজার।
০৯. নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, কক্সবাজার।
১০. সিনিয়র সহকারী সচিব, স্থানীয় সরকার বিভাগ, ইন্সপেকশন ও ইভ্যালুয়েশন উইং, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

জ্ঞাতার্থে ও কার্যার্থে ঃ
জনাব .... চকরিয়া, কক্সবাজার।

(সৈয়দ শামসুল তাবরীজ)
উপজেলা নির্বাহী অফিসার
চকরিয়া, কক্সবাজার।
☏ ০৩৪২২-৫৬০৫০
✉ unochakaria2@gmail.com

২৮/০৭/২০২১খ্রি: তারিখ অনুষ্ঠিত উপজেলা পরিষদ মাসিক সাধারণ সভার উপস্থিতির স্বাক্ষর (পরিশিষ্ট-‘ক’)

ক্র:নং	নাম ও পদবী	মোবাইল নম্বর	স্বাক্ষর
০১.	জনাব মকছুদুল হক চুট্টু, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চকরিয়া	০১৮২০-৩৪৭৩৫৪	স্বাক্ষরিত
০২.	” জেসমিন হক জেসি চৌধুরী, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চকরিয়া।	০১৮২১-৫৭৩৭৫০	”
০৩.	” ডা: মোহাম্মদ শাহবাজ, উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা, চকরিয়া	০১৭১১-২০৯৭৫৯	”
০৪.	” আলহাজ্ব সিরাজুল ইসলাম চৌধুরী, চেয়ারম্যান, পশ্চিম বড় ভেওলা ইউনিয়ন পরিষদ, চকরিয়া	০১৭১৫-৮৭৯০০০	”
০৫.	” এস.এম নাসিম হোসেন, উপজেলা কৃষি অফিসার, চকরিয়া	০১৭১৭-৫৪৫৬৩৭	”
০৬.	” আব্দুল হাকিম, চেয়ারম্যান, ইউসিসিএ লি:, চকরিয়া	০১৮১১-২৫৫৩০৭	”
০৭.	” হামিদুল্লাহ মিয়া, উপজেলা সমাজসেবা কর্মকর্তা, চকরিয়া	০১৭১০-১৬৭২৫১	”
০৮.	” মোহাম্মদ মিরানুল ইসলাম, চেয়ারম্যান, হারবাং ইউনিয়ন পরিষদ, চকরিয়া	০১৮১২-৩৬৮৪৮৯	”
০৯.	” মো. আনোয়ারুল আরিফ দুলাল, চেয়ারম্যান, পূর্ব বড় ভেওলা ইউনিয়ন পরিষদ, চকরিয়া	০১৮১৯-৬২৭১৭৮	”
১০.	” মুহাম্মদ আব্দুর রহমান, চেয়ারম্যান, খুটাখালী ইউনিয়ন পরিষদ, চকরিয়া	০১৮১৯-০৮৭৩৭৪	”
১১.	” খাইরুল বশর, চেয়ারম্যান, বদরখালী ইউনিয়ন পরিষদ, চকরিয়া	০১৮১৯-৪১৭০১৭	”
১২.	” মো: মাজহারুল ইসলাম, রেঞ্জ কর্মকর্তা, ফাঁসিয়াখালী রেঞ্জ,কক্সবাজার উত্তর বন বিভাগ	০১৮১৮-৪৩২৫৪৬	”
১৩.	” মো: মজিবুর রহমান, উপ:সহকারী প্রাণি সম্পদ কর্মকর্তা, চকরিয়া	০১৮১৯-৮৯৩৩৪১	”
১৪.	” মো: কামাল উদ্দিন, সহকারী সমবায় অফিসার, চকরিয়া	০১৮২০-৪০০০১২	”
১৫.	” জালাল আহমদ সিকদার, চেয়ারম্যান, বরইতলী ইউনিয়ন পরিষদ, চকরিয়া	০১৮১৯-৮৩১০১২	”
১৬.	” মোছাম্মদ হাবিবা জাহান, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, চকরিয়া	০১৯১১-৬০৬৭৩৫	”
১৭.	” মো: আবু জাফর, সহকারী উপজেলা শিক্ষা অফিসার, চকরিয়া	০১৮১৬-৮০৬৬৮৬	”
১৮.	” মোহাম্মদ আমির হোসেন, সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, চকরিয়া	০১৮১৮-৩৬৮১৬৩	”
১৯.	” হাবিবুর রহমান, উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার, চকরিয়া	০১৯৩৮-৮৭৯৫৩৪	”
২০.	” মো: শাহ আরমান সালমান, উপ-সহকারী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, বদরখালী, চকরিয়া	০১৫২১-৫৭৩২৫৭	”
২১.	” পবন কর্মকার, প্রতিনিধি, উপজেলা পরিসংখ্যা অফিস, চকরিয়া	০১৮১৬-৪৪৫৫৩৬	”
২২.	” মো: বেনজির আহমেদ, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, চকরিয়া	০১৮১৯-৬১০০৪১	”
২৩.	” মক্কী ইকবাল হোসেন, চেয়ারম্যান, কৈয়ারবিল ইউনিয়ন পরিষদ, চকরিয়া	০১৬১৪-০৬৮৩০৭	”
২৪.	” নুরুল আমিন, চেয়ারম্যান, ডুলাহাজারা ইউপি, চকরিয়া	০১৮৩৫-৪৪৮৫৪২	”
২৫.	” রোমাইনা জান্নাত, তথ্যসেবা সহকারী, উপজেলা তথ্য কেন্দ্র, চকরিয়া	০১৮৪৫-৬৬৯৭৪০	”
২৬.	” মো: হারুন-উর-রশিদ সওদাগর, উপ-সহকারী প্রকৌশলী, পিআইও অফিস, চকরিয়া	০১৯১৩-৩৮৭৪৮৬	”
২৭.	” মো. নুরুল আলম (জিকু), চেয়ারম্যান, ঢেমুশিয়া ইউনিয়ন পরিষদ, চকরিয়া	০১৮৭১-১৩১৯৭১	”
২৮.	” মহসিন বাবুল, চেয়ারম্যান, সাহারবিল ইউনিয়ন পরিষদ, চকরিয়া	০১৮১৫-৫৫৮০৯৩	”
২৯.	” মো: সাইফুল হাছান, স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, চকরিয়া	০১৭৯৭-১২৫৬৬৭	”
৩০.	” রফিক উদ্দিন, উপ-খাদ্য পরিদর্শন, চকরিয়া	০১৮৬৪-৬৩৩৫৯০	”
৩১.	” মো: মিরাজুল ইসলাম, উপ-সহকারী প্রকৌশলী, এলজিইডি, চকরিয়া	০১৮৩৭-৩৫০২২৩	”
৩২.	” মো: মোসাদ্দেকুর রহমান, ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, চকরিয়া	০১৭৬৯-৪০০১২৬	”
৩৩.	” আলহাজ্ব জসিম উদ্দিন, চেয়ারম্যন, চিরিংগা ইউনিয়ন পরিষদ, চকরিয়া	০১৭১২-০৭৫১৫০	”
৩৪.	” শাহাব উদ্দিন, প্যানেল চেয়ারম্যান, ফাঁসিয়াখালী ইউপি, চকরিয়া	০১৮২৪-৯৯৩৬৭৬	”
৩৫.	” মাসউদ মোরশেদ, সচিব, চকরিয়া পৌরসভা	০১৭১১-২৪৫৩১৩	”
৩৬.	” মো: আমজাদ হোসেন, ইউআরডিও, চকরিয়া	০১৭৩৭-২২০১৮৮	”
৩৭.	” আব্দুল মতলব, চেয়ারম্যান, বমুবিলছড়ি ইউপি, চকরিয়া	০১৫৫৩-৬০৩২৬২	”
৩৮.	” এরশাদুল হক, প্রতিনিধি তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, চকরিয়া	০১৮৩৩-৫৭৩০৯০	”
৩৯.	” শকি উদ্দিন আহাম্মদ, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, চকরিয়া	০১৮১৯-৮৪৩৭৩৭	”
৪০.	” দিদারুল হক সিকদার, চেয়ারম্যান, কোনাখালী ইউপি, চকরিয়া	০১৭১০-৮১৯৯৭৭	”
৪১.	” গোলাম মোস্তফা কাইছার, চেয়ারম্যান, লক্ষ্যারচর ইউনিয়ন পরিষদ, চকরিয়া	০১৭১৩-১১৯৯৬২	”
৪২.	” ডি.এম সাদিউজ্জামান, উপ-সহকারী প্রকৌশলী, চকরিয়া বিদ্যুৎ সরবরাহ, বিউবো	০১৭১৮-৬১৬৭৬০	”

অনুপস্থিত কর্মকর্তাগণের তালিকা :

ক্র:নং	নাম ও পদবী	মোবাইল নম্বর
০১.	” মো: আবু ইউসুফ, উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, চকরিয়া	০১৭৩৭-৭৮১৬৮৯
০২.	” সৈয়দ আবু জাকারীয়া, রেঞ্জ কর্মকর্তা, ফুলছড়ি রেঞ্জ, কক্সবাজার উত্তর বন বিভাগ	০১৭১১-০১০৯১৩
০৩.	” বিধান কান্তি রুদ্র, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, চকরিয়া	০১৮১৯-৭২৪২৮০
০৪.	” মো: জাহিদুল ইসলাম, সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, চকরিয়া	০১৭৩৮-১০৫৬৬৫
০৫.	” মোহাম্মদ মাসুদুর রহমান, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, চকরিয়া	০১৭২০-২৪০৪৮১
০৬.	” ডা: সুপন নন্দী, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, চকরিয়া	০১৬৭০-৩৮৩৩৪০
০৭.	” আমীর মোহাম্মদ ইমন, পরিসংখ্যান কর্মকর্তা, চকরিয়া	০১৭১৯-১৯৭৮০৯
০৮.	” আবু আহসান মু: আজিজুল মোস্তফা, উপ-সহকারী প্রকৌশলী, সওজ, চকরিয়া সড়ক উপ-বিভাগ	০১৭১৭-৭৪৬২৮৬
০৯.	” কমল কান্তি পাল, উপজেলা প্রকৌশলী (এলজিইডি), চকরিয়া	০১৭০৮-১৬১২৭২
১০.	” জাহাঙ্গীর আলম, উপজেলা সমবায় অফিসার, চকরিয়া	০১৮১৯-৮৯৫৪৯৪
১১.	” মো: বেনজির আহমেদ, সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, চকরিয়া	০১৯৩৪-২৬৭৩২৮
১২.	” গুলশান আক্তার, উপজেলা শিক্ষা অফিসার, চকরিয়া	০১৮১১-৬৬১৩৩৮
১৩.	” রতন বিশ্বাস, উপজেলা একাডেমিক সুপারভাইজার, মাধ্যমিক শিক্ষা অফিস, চকরিয়া	০১৮৪৬-৪৫৯৬৮৬
১৪.	” মইন উদ্দীন আহম্মদ, আবাসিক প্রকৌশলী, বাউবো, চকরিয়া	০১৭৫৫-৫৮৩০১৮
১৫.	” মুনির চৌধুরী, সহকারী পরিচালক, ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচি (সিপিপি), চকরিয়া	০১৭১২-৫৩৩৫৯০

অনুপস্থিত জনপ্রতিনিধিগণের তালিকা :

ক্র:নং	নাম ও পদবী	মোবাইল নম্বর
০১.	জনাব এস.এম জাহাঙ্গীর আলম, চেয়ারম্যান, বিএমচর ইউপি, চকরিয়া	০১৭০৬-৫৫৫৩৫৩
০২.	” শওকত ওসমান, চেয়ারম্যান, কাকারা ইউপি, চকরিয়া	০১৭১৫-২৯৩৮৬২
০৩.	” আজিমুল হক আজিম, চেয়ারম্যান, সুরাজপুর-মানিকপুর ইউনিয়ন পরিষদ, চকরিয়া	০১৭১৬-৯৫৯৬৯৫
০৪.	” গিয়াস উদ্দিন চৌধুরী, চেয়ারম্যান, ফাঁসিয়াখালী ইউপি, চকরিয়া	০১৮১৯-৮২৪৪৯৭